'এবং মহুয়া' -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.) অনুমোদিত তালিকার অন্তর্ভূক্ত। পত্রিকা ক্রমিক নং-৪২৩২৭, বাংলা পত্রিকা ক্রমিক নং-৩৩

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২০ তম বর্ষ, ১১০ সংখ্যা

অক্টোবর, ২০১৮

সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

‘এবং মহুয়া’ -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.) অনুমোদিত তালিকার অর্ন্তভূক্ত। পত্রিকা ক্রমিক নং-৪২৩২৭,
বাংলা পত্রিকা ক্রমিক নং-৩৩।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২০ তম বর্ষ, ১১০ সংখ্যা
অক্টোবর, ২০১৮

সম্পাদক
ডা. মদনমোহন বেরা

যোগাযোগ :
ডা. মদনমোহন বেরা, সম্পাদক।
গোলকুঁয়াচক, পোষ্ট-মেদিনীপুর,৭২১১০১,জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।
মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

'Ebong Mahua'--UGC Approved listed Journal,
Journal Serial No.--42327, Bengali Journal Serial No.--33

# EBONG MOHUA

Bengali Language, Literature and Research Journal
20th Year, 110 Volume
Oct, 2018

Published By
K. K. Prakashan
Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.

DTP and Printed By
K.K.Prakashan
Cover Designed By
Kohinoorkanti Bera
Midnapur

Communication :
Dr.Madanmohan Bera, Editor.
Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.
Mob.-9153177653
Email-madanmohanbera51@gmail.com /
kohinoor.bera @ gmail.com

Rs.500

# সূচীপত্র

১.শিক্ষা : রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্র
-সুব্রত পড়্যা........................................................৯
২.ধর্ষণ :একটি সামাজিক সমস্যা
-অরবিন্দ পাল........................................................১৬
৩.মেদিনীপুর জেলার লোক চিকিৎসা
- মানস কুমার রানা....................................................২০
৪.বাংলা ভাষাচর্চায় দুই বাঙালি বিজ্ঞানী
—লিসা পাল..........................................................২৬
৫. রবীন্দ্রনাথের কাব্যে রাজনৈতিক ভাবনা (১৯১৯ এর পরবর্তী)
-গৌতম বর্মণ.........................................................৩৩
৬.উপনিবেশিক বাংলায় মুসলমান নারী শিক্ষা ও বিভিন্ন সভাসমিতি
-মিতা বিশ্বাস.........................................................৪৬
৭.বাংলা ভাষা : অতঃ কিম ?
-বিপুল কুমার মণ্ডল....................................................৫০
৮.স্বামী বিবেকানন্দ : ভারতবাসীর স্মৃতি-সত্তা ও ভবিষ্যৎ
-সনৎ পান..........................................................৫৯
৯.রবীন্দ্রনাথের চোখে গ্রামোন্নয়ন
-সঞ্জয় কুমার কর.....................................................৬৭
১০.সাম্প্রতিক বাংলা কবিতার নানা অভিমুখ
-লক্ষ্মীকান্ত দাস......................................................৭২
১১.গান্ধর্বী—এক অন্য ভালোবাসার গল্প
-অসীমা সাহু........................................................৭৬
১২.ঔপনিবেশিক শাসনের প্রতি উনিশ শতকের
বাঙালি সাহিত্যিকদের মনোভাব
-সুশান্তকুমার মন্ডল....................................................৮০
১৩.যোগ : সুস্থ থাকার একমাত্র জিয়ন কাঠি
-সুস্মিতা রায় (আদক).................................................৮৮
১৪.জল সংকট ও তার প্রতিবিধান
-শঙ্কর আদক........................................................৯৮
১৫.ঔপনিবেশিক শাসনকালে বাংলায় নারী শিক্ষার বিস্তার
-শ্যামাপদ শীট.......................................................১০৪

-রূপা কুণ্ডু ..................................................... ২২৬
৩৪.বাঙালির উৎপত্তি ও সংস্কৃতির ইতিহাস পর্যালোচনায় সুনীতিকুমার চট্টোপাধ্যায়
-রথীনকুমার পাল .......................................................২৩৬
৩৫.বনফুলের সাহিত্য ও জীব
—চন্দনা তিবারী.........................................................২৪২
৩৬.আগুন পাখি : এক নারীর মুখে 'দ্যাশ'এর গল্প
-উষ্ণীষ পতি.............................................................২৪৫
৩৭.সুধীন্দ্রনাথ দত্তের ' শাশ্বতী'-এক চিরন্তন বিরহ বেদনার উদ্বেলিত সংহতি-অভীক প্রধান.....................................২৫৪
৩৮.প্রসঙ্গ : নারী মুক্তি-শক্তিপদ শীট..................................২৫৮
৩৯.ত্রিপুরার বৈসু উৎসব ও ভুড়াতলির বিশিকাতালমেলা:ঐতিহ্যে ও সাহিত্যে—জীবনকৃষ্ণ পাত্র.........................................২৬৭
৪০.ছুতোরদের পেশায় লোকপ্রযুক্তি—তড়িৎ মণি........................২৭৩
৪১.যুবসমাজের ভাষা : কিছু কথা-সুব্রত দাস...........................২৮৪
৪২.ঔপনিবেশিক বাংলা নাট্যশালায় শেক্সপীয়র-অর্ক মিশ্র..............২৯১
৪৩.সুচিত্রা ভট্টাচার্যের ছোটগল্পে নারী চরিত্রের বৈচিত্র্যময়তা
—কিরণময় পাল.........................................................২৯৬
৪৪.বীরাঙ্গনা : কবি ও কাব্য
-পীযূষকান্তি অধিকারী...................................................৩০৬
৪৫.প্রবোধচন্দ্রোদয় নাটকে প্রতিদ্বন্দ্বী দুই সহোদরের পারস্পরিক কলহ : বহিরঙ্গ ঘটনার অন্তরালে শাস্ত্রের গূঢ় তত্ত্ব প্রতিপাদন-ড. অর্ণব পাত্র....৩২৪
৪৬.জাতীয় সংহতি ও সাম্প্রদায়িক সম্প্রীতির উদ্ভব ও বিকাশে 'পদ্মিনী'র ভূমিকা-ড. সঞ্চিতা হাজরা.................................৩২৯
৪৭.তুলনামূলক বিশ্লেষণে জগদীশ গুপ্তের 'শঙ্কিতা অভয়া' ও বিমল করের 'আত্মজা'-ড. দীপক সোম....................................৩৪১
৪৮বিচিত্র মানুষের অনুভবে বর্ণময় এক জীবনদর্শন : ইচ্ছামতী ও দৃষ্টিপ্রদীপ-ড.গোপা বিশ্বাস...........................................৩৪৬
৪৯.জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের বাংলা নাটকে দেশাত্মবোধের স্বরূপ
-ড.মিজানুর রহমান......................................................৩৫৩
৫০.রবীন্দ্রসাহিত্যে স্বাদেশিকতা
-ড. সুমিতা মণ্ডল.......................................................৩৬২
৫১.অসামান্য কবি স্বামী বিবেকানন্দ
-ড. শেখর রায়...........................................................৩৭৩

# বিচিত্র মানুষের অনুভবে বর্ণময় এক জীবনদর্শন : ইচ্ছামতী ও দৃষ্টিপ্রদীপ

ড. গোপা বিশ্বাস

**সারসংক্ষেপ :**

'ইচ্ছামতী' ও 'দৃষ্টিপ্রদীপ' বিভূতিভূষণের উল্লেখযোগ্য উপন্যাস। এক স্বতন্ত্র ভাবনার নির্মাণ দুটি কাহিনিকেই বিশেষত্ব দান করেছে। এক অপরিসীম নিস্পৃহ জীবন-দর্শন 'ইচ্ছামতী'র অন্তর্নিহিত সৌন্দর্যকে যেমন বাড়িয়ে তুলেছে তেমনি 'দৃষ্টিপ্রদীপে' অন্তর্মুখীন মানব-মনের রহস্যময় জগতের উদ্ভাসই প্রতীয়মান হয়েছে। দুটি ভিন্ন ধারার উপন্যাসে কাহিনির নবনির্মাণ চরিত্রদের মনোগত ভাবনাকে কেন্দ্র করেই সার্থক রূপ লাভ করেছে। বিশেষত অপ্রধান চরিত্রগুলি প্রধান চরিত্রদের নির্দিষ্ট জীবনদর্শনকে স্পষ্ট করে তুলতে বিশেষভাবে সহায়ক হয়েছে।

**প্রতিপাদ্য বিষয় :**

'আরণ্যক'-এর মতোই 'ইচ্ছামতী' উপন্যাসেও অপ্রধান চরিত্রগুলি তাদের নিজস্ব বৈশিষ্ট্যে কাহিনিতে স্বতন্ত্র একটি জায়গা করে নিয়েছে। প্রধান চরিত্রগুলির সর্বাঙ্গীন বিকাশে যেমন তাদের ভূমিকা রয়েছে তেমনি নিজেদের বৃত্তেও তারা নিজেরা সম্পূর্ণতা লাভ করেছে। ভবানী বাড়ুয্যে, তিলু, নীলু, বিলু তাদের দাদা নীলকুঠির দেওয়ান রাজারাম, নীলকুঠির বড়ো ও ছোটো সাহেব, নিম্নবর্ণ ব্যবসায়ী লালু বা লালমোহন পাল তার স্ত্রী তুলসী, এদের পাশে ভিড় করে রয়েছে আরও নানা চরিত্র। পুরুষ ও নারী উভয় শ্রেণীর মানুষকে এদের মধ্যে খুঁজে পাওয়া যায়। যারা ছোটো ছোটো ক্ষেত্রে অনুঘটকের কাজ করেছে। সমাজ সংসারে বিচিত্র মানুষের বিবিধ মানসিকতার প্রতিচ্ছবি ধরা পড়েছে এই অপ্রধান চরিত্রগুলির মধ্যে। আর তাদের এই মানসিকতার সঙ্গে যোগ হয়েছে তৎকালীন গ্রাম্য সমাজ সংস্কৃতি, জাতপাতের নগ্ন চিত্র।

ভজা মুচি-র প্রসঙ্গ 'ইচ্ছামতী'র উপন্যাসের কাহিনিতে এসেছে নীলকুঠির সাহেবদের চাকর-এর পরিচয়ে। ইংরেজ সাহেবদের ব্যক্তিগত কাজের জন্য এই নিম্নবর্গ মানুষগুলিকে ব্যবহার করা হত। বাংলায় ইংরেজ অধীনে নীলচাষের রমরমার যুগে গ্রাম্য সমাজে জাতপাতের ভেদাভেদে ডোম, বাগদী, মুচিরাই সাহেবদের কুঠিতে কাজ করতে যেত। উচ্চবর্ণরা স্বাভাবিকভাবেই নিজেদের এই সংস্পর্শ থেকে দূরে রাখত। ভজা মুচি সাহেবদের